# সেনা কর্মকর্তাদের বিশেষ ম্যাজিস্ট্রেট ক্ষমতা বাড়ল আরও সাড়ে তিন মাস




সংগৃহীত ছবি

সশস্ত্র বাহিনীর কমিশনপ্রাপ্ত কর্মকর্তাদের বিশেষ নির্বাহী ম্যাজিস্ট্রেট হিসেবে দায়িত্ব পালনের মেয়াদ আরও সাড়ে তিন মাস বাড়িয়েছে অন্তর্বর্তীকালীন সরকার।

আজ মঙ্গলবার (১১ নভেম্বর) জনপ্রশাসন মন্ত্রণালয়ের এক প্রজ্ঞাপনে জানানো হয়, ১২ নভেম্বর থেকে ২৮ ফেব্রুয়ারি পর্যন্ত এই ক্ষমতা কার্যকর থাকবে। এর আগে ১২ সেপ্টেম্বর দুই মাসের জন্য একই আদেশ দেওয়া হয়েছিল।

নতুন সিদ্ধান্ত অনুযায়ী, সেনাবাহিনীর ক্যাপ্টেন ও তদূর্ধ্ব কর্মকর্তারা—যারা কোস্টগার্ড ও বিজিবিতে প্রেষণে আছেন—ফৌজদারি কার্যবিধির নির্দিষ্ট ধারাগুলোর অধীনে অপরাধ আমলে নিয়ে সারাদেশে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে পারবেন।

LENS ASIA